বাংলা বিভাগ অ্যালামনাই

রাজশাহী বিশ্ববিদ্যালয়

১৭ জানুয়ারি ॥ ২০২৬

# নবনির্বাচিত পঞ্চম কার্যনির্বাহী পরিষদের প্রথম সভা

সম্মাননীয়

শুভেচ্ছা জানবেন।
বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পঞ্চম কার্যনির্বাহী পরিষদের প্রথম সভা আগামী ৩০ জানুয়ারি ২০২৬ শুক্রবার বিকেল ৪.০০টা থেকে রাত ৭.৩০টা পর্যন্ত আশ্রয়, বায়া, রাজশাহীতে অনুষ্ঠিত হবে। সভায় ২০২৬-২০২৭ ও ২০২৩-২০২৫ কার্যনির্বাহী পরিষদের সকল সদস্য আমন্ত্রিত। সভাটি মূলত যৌথসভা হিসেবে অনুষ্ঠিত হবে। এ উপলক্ষ্যে আশ্রয় ক্যাম্পাসের রেস্ট হাউসে সদস্যদের রাত্রিযাপনের ব্যবস্থা করা হয়েছে। সদস্যগণ ৩০ জানুয়ারি দুপুর ২.০০টা থেকে আশ্রয় ক্যাম্পাসের রেস্ট হাউসে চেক-ইন করতে পারবেন।

সভার আলোচ্যসূচি নিম্নরূপ :

১। পঞ্চম কার্যনির্বাহী পরিষদের (২০২৬-২০২৭) আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ
২। পঞ্চম সম্মিলন ও সাধারণ সভা পর্যালোচনা
৩। পঞ্চম সম্মিলন ২০২৫ এর আয়-ব্যয় উপস্থাপন
৪। সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন ও নিশ্চিতকরণ
৫। গঠনতন্ত্র অনুযায়ী উপদেষ্টা পরিষদ গঠন
৬। গঠনতন্ত্র অনুযায়ী ব্যাংক হিসাব পরিচালনা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ
৭। দ্বি-বার্ষিক কর্মপরিকল্পনা উপস্থাপন ও নির্ধারণ
৮। বাংলা বিভাগ অ্যালামনাই আইডি কার্ডের সুবিধা ও ব্যবহার বিষয়ক আলোচনা
৯। বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সকল তথ্য প্রাপ্তির ক্ষেত্রে ওয়েবসাইট, বাংলা বিভাগ অ্যালামনাই ফেসবুক পেইজ, ফেসবুক গ্রুপ, হোয়াটসঅ্যাপ গ্রুপ ও বিভিন্ন সোশ্যাল মিডিয়া ব্যবহারের গুরুত্ব সম্পর্কে আলোচনা
১০। বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সদস্যদের ভালো কাজের স্বীকৃতি হিসেবে অভিনন্দনপত্র প্রদান ও অ্যালামনাইয়ের কোনো সদস্য মৃতবরণ করলে তার পরিবারকে শোকবার্তা প্রেরণ সংক্রান্ত আলোচনা
১১। বাংলা বিভাগ অ্যালামনাই: প্রাতিষ্ঠানিকতার চালচিত্র শীর্ষক সেমিনার আয়োজন সংক্রান্ত আলোচনা
১২। বাংলা বিভাগ থেকে সদ্য স্নাতক উত্তীর্ণ শিক্ষার্থীদের বাংলা বিভাগ অ্যালামনাইয়ের পক্ষ থেকে অভিনন্দন ও অ্যালামসাইয়ের সদস্য হবার জন্য পত্র প্রদান সংক্রান্ত আলোচনা
১৩। বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিলের কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা
১৪। বিবিধ

সভায় ২০২৬-২০২৭ ও ২০২৩-২০২৫ কার্যনির্বাহী পরিষদের সকল সদস্যের উপস্থিতি একান্তভাবে কাম্য।

বি. দ্র. বিকেল ৫.৩০টা থেকে ৬.৩০টা পর্যন্ত মাগরিবের নামাজ ও চায়ের বিরতি।

ধন্যবাদ ও প্রীতিসহ

সাধারণ সম্পাদক
বাংলা বিভাগ অ্যালামনাই
**রাজশাহী বিশ্ববিদ্যালয়**

সভাপতি
বাংলা বিভাগ অ্যালামনাই
**রাজশাহী বিশ্ববিদ্যালয়**